SALCO
South Asian Legal Clinic of Ontario

# স্থায়ী আবাসের জন্য মানবিক এবং সহানুভূতিশীল (হিউম্যানিটেরিয়ান অ্যান্ড কমপ্যাশনেট বা H&C) আবেদন



## H&C আবেদন বলতে কী বোঝায়?

H&C আবেদন হলো একটি ব্যতিক্রমী ব্যবস্থা যা কোনো ব্যক্তিকে মানবিকতা ও সহানুভূতিশীলতার ভিত্তিতে কানাডার ভিতর থেকে স্থায়ী আবাসের (PR) জন্য আবেদন করার সুযোগ প্রদান করে।

সাধারণত, অভিবাসন আইন অনুযায়ী PR-এর জন্য আবেদন কানাডার বাইরে থেকে করতে হয়, যদি না আপনি ভিতর থেকে আবেদন করতে দেয় এমন আবেদনের ধারাগুলির একটির জন্য যোগ্য হন। ব্যতিক্রমী ক্ষেত্রে, আপনার অভিবাসন স্থিতি অস্থায়ী থাকলে বা কোনো স্থিতি না থাকলে, কানাডার অভ্যন্তরে থেকে PR পাওয়ার অন্য কোনো উপায় না থাকলে, এবং আবেদন করার জন্য দেশে ফিরে যেতে অসুবিধার সম্মুখীন হতে হলে আপনি H&C আবেদনের মাধ্যমে PR পেতে পারেন।

দ্রষ্টব্য: কোনো অভিবাসন স্থিতিতে না থাকা অবস্থায় H&C-এর জন্য আবেদন করতে পারা মানে এই নয় যে আপনি H&C প্রক্রিয়াকরণের সময় কানাডায় অবস্থান করতে পারবেন। আপনাকে কানাডা থেকে অপসারণ করা হতে পারে, তবে আবেদন অনুমোদিত হলে আপনি ফিরে আসতে পারেন।

## কে আবেদন করতে পারে?

**আপনি মানবিকতা ও সহানুভূতিশীলতার ভিত্তিতে স্থায়ী আবাসের জন্য আবেদন করতে পারেন যদি আপনি:**

- কানাডায় বসবাস করেন এবং স্থায়ী বাসিন্দা বা নাগরিক না হন
- কানাডার অভ্যন্তর থেকে স্থায়ী আবাসের জন্য আবেদন করতে সক্ষম হওয়ার জন্য অভিবাসন আইনের স্বাভাবিক শর্ত থেকে আপনার ছাড় প্রয়োজন।
- আপনি নিম্নলিখিত কর্মসূচিসমূহের মাধ্যমে কানাডার অভ্যন্তর থেকে স্থায়ী আবাসের জন্য আবেদন করতে অক্ষম:

SALCO
South Asian Legal Clinic of Ontario

o স্পাউস বা কমন-ল পার্টনার স্পনসরশিপ;

o পরিচর্যাকারী কর্মসূচি

o উদ্বাস্তু;

o অস্থায়ী আবাসিক পারমিট (TRP)

o ইকনোমিক ক্লাস যেমন দক্ষ কর্মী, কানাডিয়ান এক্সপেরিয়েন্স ক্লাস, প্রভিন্সিয়াল নমিনি

## মানবিকতা ও সহানুভূতিশীলতার কোন কোন ভিত্তিগুলি H&C আবেদনে বিবেচনা করা হয়?

H&C আবেদন মূল্যায়নের সময়, সংশ্লিষ্ট কর্মকর্তা সাধারণত PR-এর জন্য আবেদন করতে দেশে ফিরে যেতে হলে আপনাকে কতটা কষ্টের সম্মুখীন হবে এবং আপনি কানাডায় কতটা প্রতিষ্ঠিত হয়েছেন তা বিবেচনা করবেন।

**সাধারণত যেসব বিষয় বিবেচনা করা হয়:**

- কানাডায় আপন কতটা প্রতিষ্ঠিত হয়েছেন, যেমন চাকরি থাকা, কানাডায় শিক্ষা, বাড়ি থাকা, কমিউনিটির অংশ হওয়া, বহু বছর ধরে কানাডায় বসবাস করা এবং/অথবা কোনো ধর্মীয় সংগঠনের সদস্য হওয়া
- কানাডার সাথে আপনার যোগসূত্র, যেমন কানাডায় বাচ্চা, পরিবার এবং/অথবা বন্ধু থাকা
- ক্ষতিগ্রস্ত বাচ্চার সর্বোত্তম স্বার্থ (এটি অনেক H&C আবেদনে একটি মূল বিবেচনা)
- স্বাস্থ্যগত অবস্থা এবং আপনার নিজ দেশে এর চিকিৎসা আছে কিনা
- পারিবারিক সহিংসতা/অন্তরঙ্গ সঙ্গী দ্বারা সহিংসতা/পারিবারিক নির্যাতন
- আপনার কোনো আত্মীয় থেকে বিচ্ছেদের পরিণতি
- আপনার জন্মভূমির অবস্থা, যেমন যুদ্ধ, প্রাকৃতিক দুর্যোগ, রাজনৈতিক অস্থিতিশীলতা, সহিংসতা, বৈষম্য, বেকারত্ব। আপনি শরণার্থী হওয়ার দাবি করে থাকলে এবং শরণার্থী হিসেবে দাবির পক্ষে করা যুক্তি ব্যর্থ হয়ে থাকলে সেসব দাবি H&C আবেদনের ক্ষেত্রে অভিবাসন কর্মকর্তা কর্তৃক বিবেচিত হবে না, যদি না তারপর নতুন বা ভিন্ন কিছু ঘটে থাকে।

দ্রষ্টব্য: আপনি নিপীড়নের ভয়ে বা জীবনের ঝুঁকির কারণে দেশে ফিরে যেতে না পারলে আপনাকে H&C-এর ভিত্তিতে আবেদন করার পরিবর্তে শরণার্থী সুরক্ষা চাইতে হবে। আপনার জন্য কোন বিকল্প ভালো তা নির্ধারণ করতে আইনজীবীর সাথে কথা বলুন।

**আপনি H&C এর জন্য আবেদন করতে পারবেন না যদি:**

- আপনি ইতোমধ্যেই কানাডার স্থায়ী বাসিন্দা বা নাগরিক হন
- আপনার অনিষ্পন্ন শরণার্থী দাবি থেকে থাকে
- আপনার শরণার্থী দাবি শুনানির জন্য উপযুক্ত ছিলো না এবং তার প্রাক-বহিষ্কার ঝুঁকি মূল্যায়নের (PRRA) আবেদন অনিষ্পন্ন রয়েছে।
- আপনার উদ্বাস্তু দাবি সম্পর্কিত শেষ সিদ্ধান্তের পর এখনো ১২ মাস অতিক্রান্ত হয়নি (এটি ১২ মাসের বাধা হিসাবে পরিচিত। আপনার H&C চিকিৎসাগত কারণে বা সন্তানের সর্বোত্তম স্বার্থের ভিত্তিতে হলে আপনি ১২ মাসের এই বাধা থেকে ছাড়ের জন্য আবেদন করতে পারেন)

## কিভাবে আবেদন করতে হবে:

মানবিকতা এবং সহানুভূতিশীলতার (H&C) ভিত্তিতে কানাডার মধ্যে থেকে স্থায়ী আবাসের জন্য অবশ্যই অনলাইনে আবেদন করতে হবে। আপনাকে নিম্নবর্ণিত কাজগুলো করার নির্দেশনা প্রদান করা হবে:

- IRCC ওয়েবসাইটে প্রাপ্ত কানাডার জন্য শ্রেণীবদ্ধ আবেদন ফর্ম (IMM ০০০৮) পূরণ করা।
- IRCC-এর প্রয়োজনীয় অন্যান্য ফর্ম পূরণ করা।
- IRCC-এর প্রয়োজনীয় সমস্ত নথি সংগ্রহ করা (IRCC ওয়েবসাইটে নথির তালিকা রয়েছে)
- IRCC কেন আপনার আবেদন গ্রহণ করবে তা ব্যাখ্যা করা এবং আপনার আবেদনের অনুকূলে প্রমাণ অন্তর্ভুক্ত করা। প্রমাণ হিসেবে অন্তর্ভুক্ত হতে পারে:
    - o আপনার নিজের ঘটনা ব্যাখ্যা করে চিঠি বা হলফনামা
    - o কানাডায় আপনার জীবন এবং সম্পর্ক দেখিয়ে তোলা ছবি
    - o পরিবার, বন্ধু, আপনার ডাক্তার এবং কমিউনিটির সদস্যদের কাছ থেকে সমর্থনযুক্ত চিঠি ইত্যাদি।
    - o ডাক্তারের প্রতিবেদন
    - o দেশের অবস্থা সম্পর্কে নিবন্ধ এবং সংবাদ রয়েছে এমন কাগজপত্র

o আপনার সন্তানের সাথে সম্পর্কিত পারিবারিক আদালতের নথি, এবং কানাডায় আপনার সন্তানের প্রতিষ্ঠার ও কেন আপনার কানাডায় থাকা তাদের সর্বোত্তম স্বার্থে হবে এরূপ অন্যান্য প্রমাণক

- প্রক্রিয়াকরণ ব্যয়পরিশোধ

## আবেদন ফী:

- আপনার আবেদন প্রক্রিয়াকরণ ফী
- আবেদনে অন্তর্ভুক্ত অন্যদের জন্য আবেদন প্রক্রিয়াকরণ ফি (যেমন: স্বামী/স্ত্রী/সঙ্গী, "নির্ভরশীল" সন্তান - অভিবাসন আইন "নির্ভরশীল" সন্তান কি ভাবে বিবেচিত হবে তা নির্ধারণ করবে)
- আপনার নিজের এবং আবেদনে অন্তর্ভুক্ত অন্যদের জন্য স্থায়ী আবাস অধিকারের ফী (যা আবেদন করার সময় বা পরে পরিশোধ করা যেতে পারে)

দ্রষ্টব্য: PR আবেদনকারীদের তাদের আবেদন প্রক্রিয়াকরণের জন্য আবেদন ফী দিতে হবে। আবেদন করার সময় আপনি আবেদন ফী পরিশোধ না করলে আবেদন ফিরিয়ে দেওয়া হতে পারে। আপনি আবেদন করার সময় বা পরে IRCC অনুরোধ করার সময় স্থায়ী আবাস অধিকার ফী পরিশোধ করতে পারেন।

## আমি কি অন্যান্য অভিবাসন আবেদনে মানবিকতা এবং সংবেদনশীলতার যুক্তি ব্যবহার করতে পারব?

আপনি স্পাউস বা পার্টনার স্পনসরশিপ বা ইকনোমিক ক্লাস থেকে যেকোনো একটির মতো অন্যান্য আবেদনের ক্ষেত্রে H&C বিষয়গুলো বিবেচনা করার জন্য IRCC-কে অনুরোধ জানাতে পারেন। সাধারণত কেউ কানাডায় আসতে চাইছেন কিন্তু গ্রহণযোগ্য নাও হতে পারে এমন ক্ষেত্রে এটা করা হয়, যেমন কারো অপরাধের ইতিহাস থাকলে।